বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৮৮৭

তারিখঃ ২৫/০৭/২০১৬ খ্রিস্টাব্দ।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-------------------উপজেলা
-------------------- জেলা

বিষয়ঃ প্রকল্পের অনলাইন সফট্ওয়্যারে সুফলভোগী সদস্যদের ছবি,নমূনা স্বাক্ষর, জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর আপলোড করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সকল কার্যক্রম মাইক্রোফাইন্যান্স এমআইএস সফট্ওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় গঠিত মহিলা সমিতির সুফলভোগী সদস্যদের যাবতীয় তথ্য (ছবি,নমূনা স্বাক্ষর, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর) অনলাইন সফট্ওয়্যারে এন্ট্রি করা বাধ্যতামূলক করা হলেও লক্ষ্য করা যাচ্ছে যে, এখনও কোন কোন উপজেলায় সদস্যদের ছবি ও নমূনা স্বাক্ষর সফট্ওয়্যারে আপলোড করা বাকি রয়েছে। প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা মোতাবেক মহিলা সমিতি গঠন বা সমিতিতে নতুন সদস্য ভর্তি করা হলে উক্ত সদস্যের ছবি ও নমূনা স্বাক্ষর সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ করা আবশ্যক। যেহেতু উপজেলায় প্রকল্পভূক্ত সদস্যদের ছবি ও নমূনা স্বাক্ষর অফিসেই সংরক্ষিত রয়েছে তাই সফট্ওয়্যারে উহা আপলোড না করার কারণ কর্তৃপক্ষের নিকট বোধগম্য নয়। যে উপজেলায় এখনও সকল সদস্যের ছবি,নমূনা স্বাক্ষর ,জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর সফট্ওয়্যারে আপলোড করা হয়নি সেই উপজেলায় সমিতিতে ভূয়া সদস্য থাকার বিষয়ে আশঙ্কা করা হচ্ছে।

২। এ ছাড়া লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পভূক্ত অনেক উপজেলায় মহিলা সমিতির সদস্যেদের ছবি,নমূনা স্বাক্ষর ,জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর সফট্ওয়্যারে এলোমেলোভাবে আপলোড হয়েছে অর্থাৎ এক সদস্যের নামে অন্য সদস্যের ছবি আপলোড করা হয়েছে অথবা আপলোডকৃত নমূনা স্বাক্ষর, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর সংশ্লিষ্ট সদস্যেরই নয়। মহিলা সমিতির সদস্যদের আপলোডকৃত মোবাইল নম্বরে কথা বলে বিষয়টি নিশ্চিত হওয়া গেছে।

৩। এমতাবস্থায়, প্রকল্পভূক্ত যে উপজেলায় এখনও মহিলা সমিতির সকল সদস্যের ছবি,নমূনা স্বাক্ষর ,জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর সফট্ওয়্যারে এন্ট্রি করা হয়নি অথবা উক্ত তথ্য এন্ট্রি করতে ভুলভ্রান্তি হয়েছে; আগামী ২৯/০৭/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলাস্থ প্রকল্পভূক্ত সকল সমিতির সদস্যদের যাবতীয় তথ্য (ছবি,নমূনা স্বাক্ষর, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর) অনলাইন সফট্ওয়্যারে এন্ট্রি/সংশোধনের জন্য বলা হলো। বর্ণিত সময়ের মধ্যে যে সকল উপজেলায় সদস্যদের তথ্য অনলাইন সফট্ওয়্যারে এন্ট্রি/সংশোধন করা হবে না, সেই সকল উপজেলার প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই পত্র জারী করা হলো।

২৫/৭/১৬
মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপ- প্রকল্প পরিচালক
ইরেসপো,বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। উপপরিচালক, বিআরডিবি, ---------------জেলা।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ ------------, জেলাঃ --------- ।
৬। অফিস কপি।